



স্ব. সহকারী
জ্যেষ্ঠ সিনিয়র অফিসার
২০/০৯/২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০১ (প্রশাসন ও হিসাব)
এফ-৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-ই-বাংলানগর, ঢাকা-১২০৭।



স্মারক নং- ৫৭.০৩.০০০০.০১০.১৮.০১০.২১ (পার্ট-০৪)-৩৩৩

তারিখঃ ২০/০৯/২০২১ খ্রি.

বিষয়ঃ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক আয়োজিত জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২১ এ অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের স্মারক নং-০৩.১৪.২৬৯২.৮৭৯.২৪.০০৯.১৯-৪১৫ তারিখঃ ১৫ সেপ্টেম্বর ২০২১ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের আলোকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর কারণে ২০২১ সালের ৪৬তম বিশ্ব দক্ষতা প্রতিযোগিতা আগামী ২০২২ সালে অক্টোবর মাসে চীনের সাংহাইতে অনুষ্ঠিত হবে। সে লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২১ আয়োজন করতে যাচ্ছে। জাতীয় দক্ষতা প্রতিযোগিতা-২০২১ এ অংশগ্রহণের লক্ষ্যে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ কর্তৃক প্রেরিত পত্রে বর্ণিত ১৩টি পেশায় বিভাগীয় পর্যায়ে অংশগ্রহণের নিবন্ধন চলছে। বিভাগীয় পর্যায়ে নির্বাচিত প্রতিযোগীদের নিয়ে জাতীয় দক্ষতা প্রতিযোগিতা ২০২১ অনুষ্ঠিত হবে। জাতীয় প্রতিযোগিতায় ন্যাশনাল চ্যাম্পিয়ন World Skills Competition Shanghai-2022 এ অংশগ্রহণের সুযোগ পাবেন। রেজিস্ট্রেশনের জন্য জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের <https://form.jotform.com/spmonitoringsda/national-skills-competition> লিংকে আবেদন করতে হবে এবং এ সংক্রান্ত বিস্তারিত তথ্য www.nsd.gov.bd ওয়েবসাইটে জানা যাবে।

এমতাবস্থায় সংযুক্ত বিজ্ঞপ্তি তার প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রচার এবং এই প্রতিযোগিতার আয়োজনে সহযোগিতা এবং ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণের জন্য ব্যাপক প্রচারের জন্য পত্রের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ

(ক) জাতীয় দক্ষতা প্রতিযোগিতার বিজ্ঞপ্তি।

(খ) জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের পত্র


(মোঃ জহুরুল ইসলাম)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

ইমেইলঃ dtead1@gmail.com

ফোন : ০২-৫৮১৫২২০৮

সদয় কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

- ১। অধ্যক্ষ, টেকনিক্যাল টিচার্স ট্রেনিং কলেজ, ঢাকা।
- ২। অধ্যক্ষ, ইঞ্জিনিয়ারিং কলেজ (সিলেট, ময়মনসিংহ, ফরিদপুর, বরিশাল)।
- ৩। অধ্যক্ষ, ভিটিটিআই, বগুড়া।
- ৪। অধ্যক্ষ, পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (সকল)।
- ৫। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।
- ৬। ইকুপমেন্ট অফিসার, সেন্ট্রাল স্টোর নারায়নগঞ্জ।
- ৭। অধ্যক্ষ/সুপারিনটেন্ডেন্ট/প্রধান শিক্ষক, বেসরকারি এমপিওভুক্ত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ।

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। নির্বাহী চেয়ারম্যান (সচিব), জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ১১-১২তলা, বিনিয়োগ ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ২। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/ভোকেশনাল/পরিকল্পনা ও উন্নয়ন/পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৪। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয় (সকল)।
- ৫। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। সহকারী পরিচালক (শাখা-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশ ও সংশ্লিষ্টদের ইমেইলে প্রেরণের অনুরোধসহ)।
- ৮। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। সংশ্লিষ্ট নথি।